


তারিখ
পৃষ্ঠা ৩ বাম



লেখক বি. চৌধুরীর প্রবাসীর মন

নতুন এক প্রেসিডেন্ট
লেখক বি. চৌধুরীর
গৌরবময় আত্মপ্রকাশ

আবদুল হাই শিকদার ॥ আমাদের
জাতীয় রাজনীতির পরিচ্ছন্ন মানুষ.
৩-এম পৃঃ ১-এর কব দেবুন

লেখক বি. চৌধুরী

প্রথম পৃষ্ঠার পর দেশবরেণ্য চিকিৎসাবিদ, টেলিভিশনের অপ্রতিদ্বন্দ্বী উপস্থাপক, জননন্দিত বক্তা হিসেবে খ্যাত প্রেসিডেন্ট প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী নতুন এক পরিচয়ে গৌরবময় আত্মপ্রকাশ করেছেন। বাংলা একাডেমী আয়োজিত এবারের গ্রন্থ মেলায় তার তিনটি গ্রন্থ প্রকাশিত হচ্ছে। ইতোমধ্যে তার বহুল আলোচিত 'প্রবাসীর মন'-এর প্রথম শিকড় সংস্করণ বইমেলার স্টলে স্টলে শোভা পাচ্ছে। গতকাল মেলার প্রথমদিনেই বইটি গ্রন্থপিপাসুদের ব্যাপকভাবে আকৃষ্ট করেছে। 'প্রবাসীর মন'-এর প্রথম শিকড় সংস্করণ প্রকাশ করেছে ৩৮, বাংলাবাজার, ঢাকার শিকড় প্রকাশনীর এম আর মিলন। অনূর্ধ্ববয়সী ডিসি, ঝরঝরে ভাষায় রচিত প্রবাসীর মনের সার্বিক তত্ত্বাবধানে আছেন কবি আবদুল হাই শিকদার। ১৫০ টাকা মূল্যের পাঁচ কালারে ছাপা চমৎকার কাগজ ও বাঁধাইয়ের এই গ্রন্থের প্রচ্ছদ ঠেকেছেন শিল্পী ফরিদী নুমান। বইটি মেলার 'শিকড়' স্টলসহ জাসাস, জাতীয়তাবাদী গ্রন্থ প্রকাশনা সংস্থা, এশিয়া পাবলিকেশন্স, জ্ঞান বিতরণীসহ অনেক স্টলে পাওয়া যাবে। এবারের মেলায় প্রেসিডেন্টের অন্য যে দু'টি গ্রন্থ আসছে তার একটির নাম 'নাম বলা নিষেধ' ও 'নায়িকা প্রধান'। 'নাম বলা নিষেধ' প্রকাশ করেছে বাড কম্প্রিন্ট এন্ড পাবলিকেশন্সের শিহাবউদ্দীন। বইটি জাতীয় রাজনীতি ও আন্তর্জাতিক প্রেক্ষাপটের নানামাত্রিক মজার মজার ঘটনার সমাহার। 'নায়িকা প্রধান' নাটকের বই। এই নাটকটি এক সময় বাংলাদেশ টেলিভিশনে প্রদর্শিত হয়ে আলোড়ন তুলেছিল। সেই নাটকটি এবার শিকড় প্রকাশনী নিয়ে আসছে মেলায়। বাড ও শিকড় দুই প্রকাশনা সংস্থাই জানালো, দুই-তিন দিনের মধ্যেই বই দু'টি মেলায় আসছে। প্রকাশিত এবং প্রকাশিতব্য তিনটি বইয়ের পাঠকপ্রিয়তা সম্পর্কে তারা আশাবাদী। তারা আশা করছেন বই তিনটি এবার মেলায় বেস্ট সেলারের মর্যাদা পাবে। প্রফেসর চৌধুরীই আমাদের ইতিহাসে প্রথম প্রেসিডেন্ট বঙ্গভবনে থাকা অবস্থায়ই যার এতোগুলো বই প্রকাশিত হচ্ছে। বঙ্গভবনের একটি সূত্র জানিয়েছে, ইদানীংকার পত্র-পত্রিকায় প্রকাশিত লেখালেখি নিয়ে আরও একটি গ্রন্থ প্রকাশিত হতে পারে প্রেসিডেন্টের।